

স্মারক নং: স্থাসবি/জমনিপ্র/ প্রপকা/প্রশাসন-২৫/২০১৪- ৩১০

তারিখ: ২৮-০৬-১৪২২
১৩-১০-২০১৫

বিষয় : যথাযথভাবে যাচাই বাছাই না করে জন্ম নিবন্ধন সনদের তথ্য সংশোধনের আবেদন অগ্রায়ন করা প্রসংগে

সূত্র : উপানুষ্ঠানিক পত্র নং স্থাসবি/জমনিপ্র/ প্রপকা/প্রশাসন-২৫/২০১৪-২৪৭ তাং ০৫-০৮-২০১৫

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জন্ম নিবন্ধন সনদের তথ্য বিশেষ করে জন্ম তারিখ সংশোধনের জন্য প্রাপ্ত আবেদনসমূহের সমর্থনে দাখিলকৃত প্রমাণকসমূহ যাচাই বাছাই অন্তে তা অগ্রায়ন করার জন্য সংশ্লিষ্ট ডিডিএলজি (উপপরিচালক, স্থানীয় সরকার) ক্যান্টনমেন্ট এলিকিউটিভ অফিসার ও উপজেলা নির্বাহী অফিসারগণকে পরামর্শ দেয়ার জন্য সকল জেলা প্রশাসককে সূত্রোক্ত উপানুষ্ঠানিক পত্রের মাধ্যমে অনুরোধ করা সত্ত্বেও কোন কোন ডিডিএলজি এবং উল্লেখযোগ্য সংখ্যক উপজেলা নির্বাহী অফিসার যাচাই বাছাই না করেই গণহারে জন্ম তারিখ সংশোধনের জন্য নির্ধারিত 'ছক'-এ আবেদনপত্রে সুপারিশ করে আসছেন। যার দরুন এ অফিসে প্রতিদিন গড়ে ১৫০-২০০টি জন্ম তারিখ সংশোধনীর দরখাস্ত পাওয়া যায় যা সীমিত কর্মকর্তা ও কর্মচারী দ্বারা নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে না।

প্রাপ্ত আবেদনসমূহ পর্যালোচনায় দেখা যায়, অনেক ক্ষেত্রেই আবেদনের সাথে জন্ম তারিখ সংশোধনের যৌক্তিকতার সমর্থনে গ্রহণযোগ্য প্রমাণক থাকে না। কখনো কখনো এমনও দেখা যায় যে, আবেদনকারী বা সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান স্বাক্ষর করেননি অথবা পূর্বে ইস্যুকৃত জন্ম নিবন্ধন সনদে ইউপি চেয়ারম্যান এমনকি ইউপি সচিব কেও স্বাক্ষর না করে তাঁরা Facsimile Seal ব্যবহার করেছেন। তাছাড়া আবেদনকারীগণ অনেক ক্ষেত্রেই নির্ধারিত 'ছক'-এ আবেদনপত্রের সকল অংশ যথাযথভাবে পূরণও করেন না।

বর্ণিত অবস্থায়, জন্ম নিবন্ধন সনদের তথ্য বিশেষ করে জন্ম তারিখ সংশোধনের জন্য সংশোধিত 'ছক'-এ প্রাপ্ত আবেদনপত্রসমূহ যথাযথভাবে যাচাই বাছাইপূর্বক যৌক্তিকতা উল্লেখ করে সুপারিশসহ প্রতিস্বাক্ষরের জন্য ডিডিএলজি এবং উপজেলা নির্বাহী অফিসারগণকে নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হল।

সংযুক্তঃ সংশোধিত 'ছক'

কার্যার্থে:

জেলা প্রশাসক (সকল)

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (এপিডি)।

২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব।

৩. বিভাগীয় কমিশনার (সকল)


(শেখ মুজিবুর রহমান এনডিসি)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন- ৯৫৫৬৬০৬
ই-মেইল: onlinebris@gmail.com

জন্ম তথ্য সংশোধনের আবেদন

প্রকল্প পরিচালক

জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প

স্থানীয় সরকার বিভাগ

পরিবহন পুল ভবন (কক্ষ নং ৯০৮-৯)

সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।

বিষয়: পাসপোর্ট/শিক্ষাগত সনদ/জাতীয় পরিচয়পত্র এর ভিত্তিতে জন্ম নিবন্ধন তথ্য সংশোধনের আবেদন।

জনাব,

আমার পাসপোর্ট/শিক্ষাগত সনদ/জাতীয় পরিচয়পত্র এর সাথে জন্ম নিবন্ধন সনদের জন্ম তারিখে গড়মিল হয়েছে। আমার ভবিষ্যৎ জীবন নির্বিঘ্ন করার জন্য জন্ম নিবন্ধন সনদটির সংশোধন প্রয়োজন। এতদসঙ্গে আমার জন্ম নিবন্ধন সনদের মূলকপি ও পাসপোর্ট/শিক্ষাগত সনদ/জাতীয় পরিচয়পত্র এর অনুলিপি সংযুক্ত করে নিম্নে প্রয়োজনীয় তথ্যাদি দেয়া হলো :

জন্ম নিবন্ধন নম্বর :

নিবন্ধনের তারিখ :/...../.....খ্রিঃ

সনদ প্রদানের তারিখ :/...../.....খ্রিঃ

বিবরণ	যেটি সংশোধন প্রয়োজন কেবল সেই তথ্যের বিপরীতে লিখুন	সংশোধিত তথ্য	সংযুক্ত দলিলাদির বিবরণ
নাম (বাংলা)			
(ইংরেজি)			
পিতার নাম			
মাতার নাম			
জন্ম তারিখ			
জন্ম স্থান			

ঘোষণা: আমি স্বজ্ঞানে ঘোষণা করছি যে উপরোক্ত তথ্য/তথ্যাবলী সত্য। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আমি আইনগত যে কোন শাস্তি মেনে নিতে বাধ্য থাকব।

সংলগ্নী :..... পাতা।

নিবন্ধক কার্যালয়ের মন্তব্য:

১। ভুল তথ্য এন্ট্রির কারণ :

অথরাইজড পারসনের স্বাক্ষর
নামসহ সিল ও ফোন নম্বর

২। আবেদনকারীর আবেদনের উপর মতামত:

নিবন্ধকের স্বাক্ষর
নামসহ সিল ও ফোন নম্বর

৩। জেলা প্রশাসক/উপপরিচালক, স্থানীয় সরকার/ উপজেলা নির্বাহী অফিসারের সুপারিশঃ

জেলা প্রশাসক/উপপরিচালক, স্থানীয় সরকার/উপজেলা নির্বাহী অফিসারের স্বাক্ষর
নামসহ সিল ও ফোন নম্বর

বিঃ দ্রঃ মূল আবেদনসহ ১, ২ ও ৩ নং কলাম যথাযথভাবে পূরণ না করলে আবেদনটি বিবেচনা করা হবে না।